# নবম-দশম / এসএসসি

## বিষয়: তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

### চতুর্থ অধ্যায়- আমার লেখালেখি ও হিসাব

### MCQ

১. ওয়ার্ড প্রসেসিং-এর অর্থ-
ক. প্রসেস করা
খ. প্রক্রিয়াকরণ
গ. শব্দ প্রক্রিয়াকরণ
ঘ. বর্ণ প্রক্রিয়াকরণ
উত্তর: গ. শব্দ প্রক্রিয়াকরণ

২. কোনটি ওয়ার্ড প্রসেসিং প্রোগ্রাম?
ক. মাইক্রোসফট একসেস
খ. পাওয়ার পয়েন্ট
গ. মাইক্রোসফট এক্সেল
ঘ. মাইক্রোসফট ওয়ার্ড
উত্তর: ঘ. মাইক্রোসফট ওয়ার্ড

৩. মানুষের মনের ভাব প্রকাশ করার মাধ্যম?
ক. লেখালেখি করা
খ. বই পড়া
গ. ঘুরে বেড়ানো
ঘ. গান শোনা
উত্তর: ক. লেখালেখি করা

৪. কম্পিউটারে দ্রুত ও নির্ভুলভাবে লেখালেখির কাজ করা যায় কোন প্রোগ্রাম ব্যবহারে?
ক. মাইক্রোসফট ওয়ার্ড
খ. ফটোশপ
গ. ফক্সপ্রো
ঘ. মাইক্রোসফট এক্সেস
উত্তর: ক. মাইক্রোসফট ওয়ার্ড

৫. রিবনের কোন বোতামে চাপ দিলে অক্ষর মোটা হয়?
ক. G
খ. I
গ. B
ঘ. U
উত্তর: গ. B

৬. মানুষ তার কল্পনাকে অন্যের সামনে তুলে ধরে কিসের মাধ্যমে?
ক. হিসাব-নিকাশের মাধ্যমে
খ. ঘুরে বেড়ানোর মাধ্যমে
গ. ডেটাবেজের ব্যবহারে
ঘ. লেখালেখির মাধ্যমে
উত্তর: ঘ. লেখালেখির মাধ্যমে

৭. লেখা সম্পাদনার প্রথম কাজ কোনটি?
ক. লেখার আকার ছোট-বড় করা
খ. বানান সংশোধন করা
গ. ছবি যোগ করা
ঘ. বক্স আকারে লেখাকে উপস্থাপন করা
উত্তর: খ. বানান সংশোধন করা

৮. ওয়ার্ড প্রসেসরের সাহায্যে-
i. শতকরার হিসাব করা যায়
ii. নির্ভুলভাবে লেখালেখি করা যায়
iii. একই সাথে একাধিক ডকুমেন্ট নিয়ে কাজ করা যায়
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: গ. ii ও iii

৯. ওয়ার্ড প্রসেসরে নতুন ডকুমেন্ট খুলতে কোন অপশনটি ব্যবহার করা হয়?
ক. Close
খ. Prepare
গ. New
ঘ. Open
উত্তর: গ. New

১০. ওয়ার্ড প্রসেসরের কোন অপশনটি ডকুমেন্ট সংরক্ষণে ব্যবহৃত হয়?
ক. Open
খ. Save
গ. Prepare
ঘ. Publish
উত্তর: খ. Save

১১. ডকুমেন্টকে বার বার ব্যবহার করার প্রয়োজন হলে কি করা উচিৎ?

ক. টেমপ্লেট তৈরি করা
খ. ডকুমেন্টের চার্ট ব্যবহার করা
গ. কীবোর্ড ব্যবহার করা
ঘ. ডকুমেন্ট কপি করা
উত্তর: ক. টেমপ্লেট তৈরি করা

১২. ওয়ার্ড প্রসেসরে তথ্য এক ডকুমেন্ট হতে অন্য ডকুমেন্টে কিভাবে নেওয়া যায়?
ক. পেস্ট করে
খ. ফাইন্ড এন্ড রিপ্লেস ব্যবহারে
গ. কপি করে
ঘ. টেমপ্লেট ব্যবহার করে
উত্তর: গ. কপি করে

১৩. ওয়ার্ড প্রসেসরে অল্প সময়ে শব্দ খোঁজার জন্য কোন কমান্ড ব্যবহার হয়?
ক. Insert
খ. Chart
গ. Find and Replace
ঘ. Format
উত্তর: গ. Find and Replace

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ১৪, ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও :
পলাশ ওয়ার্ড প্রসেসর ব্যবহার করে একটি ডকুমেন্ট তৈরি করার পর দেখল তাতে ঝপযড়ড়ষ বানানটি ডকুমেন্টের সব জায়গায় ভুল হয়েছে। তাই সে একটি কমান্ড ব্যবহার করে সব জায়গায় ভুল বানান একবারে সঠিক বানানে প্রতিস্থাপন করে দিল।

১৪. পলাশ কোন কমান্ড ব্যবহার করেছিল?
ক. Edit
খ. New
গ. Find & Replace
ঘ. Paste Special
উত্তর: গ. Find & Replace

১৫. পলাশ কোন সফটওয়্যার ব্যবহার করে কাজ করেছিল?
ক. Ms-Excel
খ. Ms-Access
গ. Ms- Word
ঘ. Windows
উত্তর: গ. Ms- Word

১৬. পলাশের ব্যবহৃত সফটওয়্যারটি লেখা স¤পাদনায় যেভাবে ভূমিকা রাখেÑ
i. বানান সংশোধন

ii. লাইনের ব্যবধান নির্ধারণ
iii. cell এর ব্যবধান নির্ধারণ
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

১৭. ওয়ার্ড প্রসেসরে বার বার প্রয়োজনীয় ডকুমেন্টটি কি আকারে সংরক্ষণ করলে সময় সাশ্রয় হয়?
ক. পিডিএফ
খ. ওয়ার্ড
গ. টেমপ্লেট
ঘ. ইমেজ
উত্তর: গ. টেমপ্লেট

১৮. কোন অপশন ব্যবহারে ওয়ার্ডে বানান চেক করা যায়?
ক. Reference
খ. Spelling grammar checking
গ. Word checker
ঘ. Speller
উত্তর: খ. Spelling grammar checking

১৯. কোন সফটওয়্যারের সাহায্যে বানান সংশোধন করা যায়?
ক. স্পেল চেকার
খ. স্পেলিং
গ. ফটোশপ সফটওয়্যার
ঘ. একসেস সফটওয়্যার
উত্তর: ক. স্পেল চেকার

২০. স্বয়ংক্রিয়ভাবে বানান সংশোধনের ব্যবস্থা রয়েছে কোন সফটওয়্যারে?
ক. প্রোগ্রামিং সফটওয়্যার
খ. ওয়ার্ড প্রসেসর
গ. মাইক্রোসফট একসেস
ঘ. ডিজাইন সফটওয়্যার
উত্তর: খ. ওয়ার্ড প্রসেসর

২১. ওয়ার্ড প্রসেসর উইন্ডোর কোথায় অফিস বাটনের অবস্থান?
ক. নিচের বামদিকে কোণায়
খ. স্ট্যাটাস বারে

গ. উপরের বামদিকে কোণায়
ঘ. রিবনে
উত্তর: গ. উপরের বামদিকে কোণায়

২২. ওয়ার্ড উইন্ডোর উপরের বামদিকের কোণার আইকনটিকে কী বলা হয়?
ক. Home ট্যাব
খ. Office বাটন
গ. Picture আইকন
ঘ. Illustrations গ্রুপ
উত্তর: খ. Office বাটন

২৩. ওয়ার্ড প্রসেসরে New, Open, Save ও Save as অপশনটি কোন বাটনে থাকে?
ক. Home
খ. Insert
গ. Refercence
ঘ. Office
উত্তর: ঘ. Office

২৪. Insert বাটনে পাওয়া যায় কোন অপশনটি?
ক. Open
খ. Table
গ. Save
ঘ. Prepare
উত্তর: খ. Table

২৫. Prepare অপশনটি কোন ওয়ার্ড বাটনের?
ক. Office
খ. Home
গ. Insert
ঘ. Publish
উত্তর: ক. Office

২৬. Print অপশনটি ওয়ার্ড প্রসেসরের কোন বাটনে পাওয়া যায়?
ক. Home
খ. Insert
গ. Formulas
ঘ. Office
উত্তর: ঘ. Office

২৭. ওয়ার্ডে Change Case অপশনটি কোথায় পাওয়া যায়?
ক. File

খ. Insert
গ. Text
ঘ. Format
উত্তর: ঘ. Format

২৮. ওয়ার্ডে Publish অপশনটি কোথায় পাওয়া যায়?
ক. Home
খ. Reference
গ. Office
ঘ. Page Setup
উত্তর: গ. Office

২৯. ওয়ার্ড প্রসেসরে নতুন ডকুমেন্ট খুলতে কোথায় ক্লিক করতে হয়?
ক. New
খ. Open
গ. Save
ঘ. Publish
উত্তর: ক. New

৩০. ওপেন অপশনটির কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Ctrl+N
খ. Ctrl+P
গ. Ctrl+O
ঘ. Shift+O
উত্তর: গ. Ctrl+O

৩১. ওয়ার্ড ডকুমেন্ট সেভ করতে কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Ctrl+A
খ. Ctrl+S
গ. Shift+S
ঘ. Alt+O
উত্তর: খ. Ctrl+S

৩২. ওয়ার্ড প্রসেসরে নতুন ডকুমেন্ট খোলার কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Ctrl+O
খ. Ctrl+N
গ. Ctrl+P
ঘ. Ctrl+C
উত্তর: খ. Ctrl+N

৩৩. ওয়ার্ড প্রসেসরে ডকুমেন্ট প্রিন্টের কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Shift+P

খ. Alt+P
গ. Ctrl+P
ঘ. P+enter
উত্তর: গ. Ctrl+P

৩৪. কপি করার কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Ctrl+C
খ. Ctrl+P
গ. Ctrl+V
ঘ. Ctrl+S
উত্তর: ক. Ctrl+C

৩৫. পেস্ট করার কীবোর্ড কমান্ড কোনটি?
ক. Ctrl+L
খ. Ctrl+C
গ. Ctrl+V
ঘ. Ctrl+P
উত্তর: গ. Ctrl+V

৩৬. একই ডকুমেন্টকে ভিন্ন নামে save করতে কোন অপশনটি ব্যবহার করতে হয়?
ক. Save
খ. Save in
গ. Save as
ঘ. Save of
উত্তর: গ. Save as

৩৭. কোন ডকুমেন্ট তৈরি করার পরের কাজ হলো-
ক. নাম দেয়া
খ. সংরক্ষণ করা
গ. মুছে ফেলা
ঘ. সম্পাদন করা
উত্তর: খ. সংরক্ষণ করা

৩৮. লেখা সাজানোর প্রথম কাজ-
ক. ফন্ট ঠিক করা
খ. বানান ঠিক করা
গ. ইনডেন্ট করা
ঘ. অক্ষরের আকার আকৃতি বিন্যাস করা
উত্তর: ঘ. অক্ষরের আকার আকৃতি বিন্যাস করা

৩৯. লেখা সম্পাদনার প্রথম কাজ-

ক. মার্জিন বিন্যাস
খ. বানান সংশোধন
গ. আকৃতি পরিবর্তন
ঘ. পৃষ্ঠার মাপ নির্ধাবণ
উত্তর: খ. বানান সংশোধন

* নিচের অনুচ্ছেদটি পড় এবং ৪০ ও ৪১ নং প্রশ্নের উত্তর দাও :
মেহেজাবিন একটি নতুন চাকরিতে আবেদন করার উদ্দেশ্যে তার সংরক্ষিত সিভির ওয়ার্ড ফাইলটি খুলল এবং তাতে প্রয়োজনীয় পরিবর্তন এনে নতুন নামে সংরক্ষণ করল।

৪০. মেহেজাবিন নতুন সিভি সংরক্ষণে কোন অপশনটি ব্যবহার করল?
ক. Save
খ. Open
গ. Save As
ঘ. Close
উত্তর: গ. Save As

৪১. সংরক্ষিত সিভি খুলতে মেহেজাবিন ব্যবহার করতে পারে-
i. Ctrl + O কমান্ড
ii. Open অপশন
iii. New অপশন
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৪২. Insert বাটনের নিকটস্থ বামপাশের বাটন কোনটি?
ক. Home
খ. Office
গ. Reference
ঘ. Table
উত্তর: ক. Home

৪৩. ওয়ার্ড প্রসেসরে লেখালেখির সাজসজ্জার প্রক্রিয়াকে কী বলা হয়?
ক. সাজসজ্জা
খ. Font
গ. ফরমেটিং টেক্সট
ঘ. ডেটা প্রসেসিং
উত্তর: গ. ফরমেটিং টেক্সট

৪৪. লেখা মোছার জন্য ব্যবহার হয় কীবোর্ডের কোন বোতামটি?
ক. shift
খ. Backspace
গ. Space
ঘ. Tab
উত্তর: খ. Backspace

৪৫. ওয়ার্ড প্রসেসরে লেখালেখির জন্য ব্যবহৃত বিভিন্ন স্টাইলের অক্ষরকে কী বলে?
ক. Copy
খ. Font
গ. Text
ঘ. Bullet
উত্তর: খ. Font

৪৬. সবচেয়ে বেশি ব্যবহৃত ফন্ট স্টাইল কোনটি?
ক. Arial
খ. Tahoma
গ. Times New Roman
ঘ.বিজয়
উত্তর: গ. Times New Roman

৪৭. কোনো লেখা কপি করার পর তা কোথায় অবস্থান করে?
ক. document এ
খ. clipboard এ
গ. ওয়ার্ডে
ঘ. ফাইলে
উত্তর: খ. clipboard এ

৪৮. কম্পিউটারে প্রদত্ত কোন নির্দেশ বাতিল করার জন্য কোন বোতাম ব্যবহার করা হয়?
ক. Tab
খ. Caps lock
গ. Ctrl
ঘ. Esc
উত্তর: ঘ. Esc

৪৯. কোনটি অন্যগুলো থেকে পৃথক?
ক. বসুন্ধরা
খ. অপটিমা
গ. সুতন্বী এমজে
ঘ. লেখনী

উত্তর: খ. অপটিমা

৫০. Font বলা হয় কোনটিকে?
ক. লেখার আকারকে
খ. লেখার সাইজকে
গ. বিভিন্ন স্টাইলের অক্ষরকে
ঘ. লেখার ধরণকে
উত্তর: গ. বিভিন্ন স্টাইলের অক্ষরকে

৫১. নিচের কোনটি বাংলা ভাষার ফন্ট?
ক. অপটিমা
খ. সুতন্বী
গ. বিজয়
ঘ. অভ্র
উত্তর: খ. সুতন্বী

৫২. Font গ্রুপে কোন মেনুতে থাকে?
ক. Insert
খ. Office
গ. Home
ঘ. Edit
উত্তর: গ. Home

৫৩. কম্পিউটারে বাংলা লেখার জন্য কোন বোতামটি লিংক হিসেবে কাজ করে?
ক. A
খ. B
গ. G
ঘ. P
উত্তর: গ. G

৫৪. কম্পিউটারে প্রিন্টিং এর ক্ষেত্রে লেখা সাজানোকে--বলে।
ক. কম্পোজিং
খ. টাইপিং
গ. পাবলিশিং
ঘ. প্রিন্টিং
উত্তর: ক. কম্পোজিং

৫৫. বানান সংশোধনের কাজকে বলা হয়-
ক. ডিবাগিং
খ. এডিটিং
গ. প্রুফ দেখা

ঘ. এনকোডিং
উত্তর: গ. প্রুফ দেখা

৫৬. ফন্টের রঙ নির্ধারণে কোন অপশনে যেতে হবে?
ক. Font গ্রুপে
খ. Font রঙ
গ. Font সাইজ
ঘ. Font
উত্তর: খ. Font রঙ

৫৭. ফন্ট সাজসজ্জার কাজ হয় কোন ট্যাবে?
ক. Home
খ. Reference
গ. Insert
ঘ. Font
উত্তর: ক. Home

৫৮. ফন্টের রঙ হিসেবে কোনটি নির্বাচন করতে হয়?
ক. কালো
খ. সাদা
গ. লাল
ঘ. ইচ্ছার উপর নির্ভর করে
উত্তর: ঘ. ইচ্ছার উপর নির্ভর করে

৫৯. লেখালেখির সাজসজ্জায় কোনটি ব্যবহৃত হয়?
ক. সূত্র
খ. কপি পেস্ট
গ. বুলেট
ঘ. প্রিন্ট
উত্তর: গ. বুলেট

৬০. বুলেট অপশনটি কোন গ্রুপে থাকে?
ক. Font
খ. Illustrations
গ. Paragraph
ঘ. Clipboard
উত্তর: গ. Paragraph

৬১. বুলেট ও নম্বরের আইকন কমান্ড কোন ট্যাবে পাওয়া যায়?
ক. Insert
খ. Home

গ. Paragraph
ঘ. Font
উত্তর: খ. Home

৬২. Paragraph গ্রুপটি কোন ট্যাবের অন্তর্ভুক্ত?
ক. Insert
খ. References
গ. Home
ঘ. Review
উত্তর: গ. Home

৬৩. Enter কী ধরনের বাটন?
ক. gap সূচক
খ. অসম্মতিসূচক
গ. সম্মতিসূচক
ঘ. ডিলিটসূচক
উত্তর: গ. সম্মতিসূচক

৬৪. লেখালেখির সময় Enter চাপলে মাউস কার্সরটি কোন দিকে যায়?
ক. উপরের দিকে
খ. নিচের দিকে
গ. পাশের দিকে
ঘ. বামপাশে
উত্তর: খ. নিচের দিকে

৬৫. Enter এর অপর নাম কি?
ক. ট্যাব কী
খ. রিটার্ন কী
গ. শিফট কী
ঘ. ব্যাকস্পেস কী
উত্তর: খ. রিটার্ন কী

৬৬. কোনো লেখাকে মাঝখানে অবস্থানের জন্য কোন অপশনটি ব্যবহার করা হয়?
ক. Right
খ. Center
গ. Moderate
ঘ. Align
উত্তর: খ. Center

৬৭. দুটি লাইনের মধ্যবর্তী দূরত্ব নির্ধারণ করার জন্য কোন টুলসটি ব্যবহার করা হয়?
ক. Tab

খ. Space
গ. Line Spacing
ঘ. Page Break
উত্তর: গ. Line Spacing

৬৮. Line Spacing অপশনটি কোন গ্রুপের অন্তর্ভুক্ত?
ক. References
খ. Illustrations
গ. Paragraph
ঘ. Font
উত্তর: গ. Paragraph

৬৯. Insert ট্যাবের অন্তর্ভুক্ত অপশন কোনটি?
ক. New
খ. Save
গ. Chart
ঘ. Open
উত্তর: গ. Chart

৭০. কোনো ছবি ডকুমেন্টে যোগ করতে কোন ট্যাবে যেতে হবে?
ক. Insert
খ. Home
গ. Review
ঘ. Maillings
উত্তর: ক. Insert

৭১. Header and Footer কোথায় থাকে?
ক. Header Footer ট্যাবে
খ. Clipboard এ
গ. Insert ট্যাবে
ঘ. Reference ট্যাবে
উত্তর: গ. Insert ট্যাবে

৭২. Page Number অপশনটি কোন গ্রুপে থাকে?
ক. Paragraph
খ. Links
গ. Header and Footer
ঘ. Arrange
উত্তর: গ. Header and Footer

৭৩. ওয়ার্ড প্রসেসরে বুলেট ও নম্বর ব্যবহারের উদ্দেশ্য হলো-

i. তালিকা তৈরি ও ধারাবাহিকতা রক্ষা
ii. লেখাকে গুছিয়ে উপস্থাপন করা
iii. লেখাকে বিভিন্ন ফন্ট নামে উপস্থাপন করা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ক. i ও ii

৭৪. নানাভাবে লেখাকে ওয়ার্ডে উপস্থাপন করা যায়।
i. বক্স আকারে
ii. ওয়ার্ড আর্ট আকারে
iii. টেবিল আকারে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

৭৫. টেবিলের মাঝে ৪টি ঘর একীভূত করতে কোন কমান্ড ব্যবহার করতে হবে?
ক. Merge cells
খ. Delete
গ. Delete table
ঘ. Alt+Ctr l+B
উত্তর: ক. Merge cells

৭৬. ওয়ার্ড প্রসেসিং সফটওয়্যারে ট্যাব কী একবার চাপলে কত ইঞ্চি জায়গা সরে?
ক. আধা
খ. এক
গ. দেড়
ঘ. দুই
উত্তর: ক. আধা

৭৭. নিজস্ব মার্জিন ব্যবহার করতে চাইলে মার্জিনের কোন অপশনে যেতে হবে?
ক. Margin
খ. Narrow
গ. Mirror
ঘ. Custom
উত্তর: ঘ. Custom

৭৮. স্প্রেডশিট শব্দের আভিধানিক অর্থ হলো-
ক. হিসাব করা
খ. রো ও কলাম
গ. ছড়ানো পাতা
ঘ. সাদা পাতা
উত্তর: গ. ছড়ানো পাতা

৭৯. ওয়ার্কশিট বলতে কি বুঝায়?
ক. একটি সারি
খ. একটি কলাম
গ. বহু ঘর বিশিষ্ট একটি হিসাবের ছক
ঘ. ডাটাবেজ
উত্তর: গ. বহু ঘর বিশিষ্ট একটি হিসাবের ছক

৮০. এক্সেল একটি - স্প্রেডশিট প্রোগ্রাম
ক. GUI Based
খ. Text Based
গ. Key Based
ঘ. DOS Based
উত্তর: ক. GUI Based

৮১. স্প্রেডশিট প্রোগ্রাম-
ক. ওয়ার্ড
খ. ইলাস্ট্রেটর
গ. এক্সেল
ঘ. ফটোশপ
উত্তর: গ. এক্সেল

৮২. এক্সেল সফটওয়্যার মূলত কোন কাজে ব্যবহার হয়?
ক. হিসাব-নিকাশের কাজে
খ. ডেটা সংরক্ষণে
গ. লেখালেখির কাজে
ঘ. গ্রাফিক্স ডিজাইনে
উত্তর: ক. হিসাব-নিকাশের কাজে

৮৩. ওয়ার্কশিট দিয়ে যে কাজ করা সম্ভব-
i. লেখালেখির কাজ
ii. হিসাব নিকাশের কাজ
iii. গ্রাফচিত্রের কাজ
নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: ঘ. i, ii ও iii

৮৪. স্প্রেডশিট প্রোগ্রামে অসংখ্য ঘরবিশিষ্ট ছককে কী বলে?
ক. ডকুমেন্ট
খ. সারি
গ. ওয়ার্কশিট
ঘ. ওয়ার্ক বুক
উত্তর: গ. ওয়ার্কশিট

৮৫. এক্সেলের কলাম ও সারির প্রত্যেকটি উপাদানকে কী বলে?
ক. কলাম
খ. সেল
গ. শিট
ঘ. ঘর
উত্তর: খ. সেল

৮৬. স্প্রেডশিট প্রোগ্রামের বৈশিষ্ট্য-
i. গ্রাফভিত্তিক কাজ করা
ii. বুলেটের ব্যবহার
iii. সূত্রের ব্যবহারভিত্তিক কাজ করা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii
উত্তর: খ. i ও iii

৮৭. ওয়াকশিটের প্রতিটি আয়তাকার অংশকে কী বলে?
ক. কলাম
খ. সারি
গ. সেল
ঘ. ঘর
উত্তর: গ. সেল

৮৮. সেল কত প্রকার?
ক. ২
খ. ৩

গ. ৪
ঘ. ৫
উত্তর: ক. ২

৮৯. কলাম বা সারির প্রত্যেকটি উপাদানকে বলে-
ক. সেল
খ. স্প্রেডশিট
গ. রো কলাম
ঘ. সবগুলো
উত্তর: ক. সেল

৯০. ওয়ার্কশিটের উপর থেকে নিচের দিকে চলে আসা ঘরের সমষ্টিকে কী বলে?
ক. Worksheet
খ. Column
গ. Row
ঘ. Cell
উত্তর: খ. Column

৯১. ওয়ার্কশিটের বামদিক থেকে ডানদিকে পাশাপাশি চলে যাওয়া ঘরের সমষ্টিকে কী বলে?
ক. Column
খ. Row
গ. Cell
ঘ. Worksheet
উত্তর: খ. Row

৯২. ওয়ার্কশিটের সিলেক্ট করা ঘর সমষ্টিকে কী বলা হয়?
ক. শিট
খ. রেঞ্জ
গ. কলাম
ঘ. সারি
উত্তর: খ. রেঞ্জ

৯৩. Excel2007 এ সারির সংখ্যা-
ক. ১০,৪৮,৫৭৬
খ. ৮,১৯২
গ. ২৫৫
ঘ. ২৫৬
উত্তর: ক. ১০,৪৮,৫৭৬

৯৪. স্প্রেডশিটে গুণ করার জন্য কোথায় সূত্র প্রদান করতে হয়?
ক. প্রথম সেলে

খ. যেকোনো সেলে
গ. ফলাফল সেলে
ঘ. অ্যাড্রেস বারে
উত্তর: গ. ফলাফল সেলে

৯৫. স্প্রেডশিট প্রোগ্রামের চ,ড়ান্ত পর্যায়ের কাজ-
ক. ওয়ার্কশিট তৈরি করা
খ. ওয়ার্কশিট ফরমেটিং করা
গ. ফাংশন কীর ব্যবহার
ঘ. শিফট কীর ব্যবহার
উত্তর: খ. ওয়ার্কশিট ফরমেটিং করা

৯৬. সূত্র সব সময় কোন চিহ্ন দিয়ে শুরু হয়?
ক. /
খ. =
গ. #
ঘ. *
উত্তর: খ. =

৯৭. এক্সেলে ভাগ চিহ্ন হিসেবে ব্যবহৃত হয় কোনটি?
ক. ÷
খ. *
গ. /
ঘ. \
উত্তর: গ. /

৯৮. গুণ করার প্রক্রিয়া কয় ধরনের?
ক. ২
খ. ৩
গ. ৪
ঘ. ৫
উত্তর: ক. ২

৯৯. ফাংশন =PRODUCT এর কাজ কী?
ক. ভাগ করা
খ. গুণ করা
গ. শতকরা নির্ণয় করা
ঘ. বিয়োগ করা
উত্তর: খ. গুণ করা

১০০. ফাংশন কমান্ড পাওয়া যায় কোন রিবনে?

ক. Home
খ. Reference
গ. Insert
ঘ. View
উত্তর: গ. Insert

১০১. A1 সেলকে B1 সেল দিয়ে ভাগ করার জন্য ফলাফল সেলে কোন সূত্রটি লিখতে হয়?
ক. =A1÷B1
খ. =A1*B1
গ. =A1/B1
ঘ. =A1\ B1
উত্তর: গ. =A1/B1

১০২. 400 টাকার 15% কত টাকা? যদি 400 A3 সেলে ও 15 B3 সেলে থাকে তবে এর উত্তর বের করতে কোন সূত্রটি সঠিক?
ক. =A3*B3%
খ. =A3 × B3%
গ. =A3 + B3%
ঘ. = A3 & B3
উত্তর: ক. =A3*B3%

১০৩. 14 mod 5 = ?
ক. 2
খ. 4
গ. 9
ঘ. 19
উত্তর: খ. 4

* নিচের ওয়ার্কশিটটি লক্ষ্য কর এবং ১০৪ ও ১০৫ নং প্রশ্নের উত্তর দাও :

| | A | B | C | D | E | F | G |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | রোল | নাম | বাংলা | ইংরেজি | অঙ্ক | মোট | ফলাফল |
| 2 | ১০১ | তাজমিরা | ৮৪ | ৯৪ | ৯৫ | | |
| 3 | ২০১ | তাবাস্সুম | ৮৫ | ৯১ | ৮২ | | |
| 4 | ৩০১ | ফারিয়া | ৮৭ | ৯৬ | ৮৭ | | |

১০৪. F2 সেলে মোট বের করার ফর্মূলা হবে-

ক. =C2+D2+E2
খ. C2+D2+E2
গ. =A2+C2+D2+E2
ঘ. =SUM(C2+D2+E2
উত্তর: ক. =C2+D2+E2

১০৫. F2 সেলে মোট বের করার ফাংশন হবে-
ক. =C2+D2+E2
খ. =SUM(C2:E2)
গ. SUM(C2:E2)
ঘ. =SUM(C2+D2+E2)
উত্তর: খ. =SUM(C2:E2)

১০৬. AVG, MIN, SUM এ গুলো কী?
ক. ফর্মুলা
খ. মেনু
গ. নির্দেশ
ঘ. ফাংশন
উত্তর: ঘ. ফাংশন

১০৭. গ্রাফ বা চার্ট তৈরি করার সহজ উপায় হলো-
ক. চার্ট উইজার্ড ব্যবহার
খ. কীবোর্ড ব্যবহার
গ. মাউস ব্যবহার
ঘ. মেনু কমান্ড ব্যবহার
উত্তর: ক. চার্ট উইজার্ড ব্যবহার

১০৮. স্প্রেডশিট প্রোগ্রামে সংখ্যার ভিত্তিতে যে ভিজ্যুয়াল উপস্থাপন তৈরি করা যায় তাকে কি বলে?
ক. সেল
খ. ফর্মূলা
গ. ফাংশন
ঘ. গ্রাফ/চার্ট
উত্তর: ঘ. গ্রাফ/চার্ট

১০৯. স্প্রেডশিট প্রোগ্রামে এক সাথে কয়টি ওয়ার্কশিটে কাজ করা যায়?
ক. একটি
খ. একটিও নয়
গ. একাধিক
ঘ. সবগুলো
উত্তর: গ. একাধিক

*****